**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 06-05-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Mock Drill :**

কেন্দ্রীয় গৃহ মন্ত্রণালয় আগামীকাল কয়েকটি রাজ্যকে নাগরিক প্রতিরক্ষার প্রস্তুতি মূল্যায়নের জন্য মক ড্রিল পরিচালনা করার অনুরোধ জানিয়েছে। মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, গ্রহণযোগ্য ব্যবস্থাগুলির মধ্যে রয়েছে এয়ার রেইড ওয়ার্নিং সাইরেনের কার্যকরীকরণ এবং নাগরিক প্রতিরক্ষার দিকগুলি সম্পর্কে প্রশিক্ষণ দেওয়া যাতে তারা সম্ভাব্য আক্রমণের ঘটনায় নিজেদের রক্ষা করতে পারে। তাছাড়া ভবন ভেঙে পড়ার বিরুদ্ধে ব্যবস্থা, গুরুত্বপূর্ণ স্থাপনাগুলির প্রাথমিক ক্যামোফ্লেজের ব্যবস্থা এবং উদ্ধার পরিকল্পনা বাস্তবায়ন করার বিষয়টি তুলে ধরা হয়েছে।

******************************

**Rajnath Sing :**

ভারতীয় নৌবাহিনী এবং প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন সংস্থা দেশীয়ভাবে ডিজাইন করা এবং উন্নত মাল্টি-ইনফ্লুয়েন্স গ্রাউন্ড মাইন এর সফল পরীক্ষা চালিয়েছে। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এই সাফল্যের জন্য ডিআরডিও এবং ভারতীয় নৌবাহিনির প্রশংসা করেছেন। তিনি বলেন যে এই সিস্টেমটি ভারতীয় নৌবাহিনীর সমুদ্রের নীচে যুদ্ধের ক্ষমতা আরও বাড়িয়ে তুলবে।

এমআইজিএম সিস্টেম একটি উন্নত নৌ মাইন এবং এটি আধুনিক স্টিলথ জাহাজ এবং সাবমেরিনের বিরুদ্ধে ভারতীয় নৌবাহিনীর ক্ষমতা বাড়ানোর জন্য ডিজাইন করা হয়েছে। ডিআরডিও-র চেয়ারম্যান ডঃ সমীর ভি কামাত জানিয়েছেন, এই ট্রায়ালের ফলে সিস্টেমটি এখন ভারতীয় নৌবাহিনীতে অন্তর্ভুক্তির জন্য প্রস্তুত।

****************************

**AMC Budget :**

আগরতলা পুর নিগমের চলতি অর্থবছরের জন্য বাজেট প্রস্তাব গতকাল সর্বসম্মতিক্রমে গৃহিত হয়েছে। উল্লেখ্য, মেয়র দীপক মজুমদার গত ২৩শে এপ্রিল পুর নিগমের অধিবেশনে চলতি অর্থবছরের জন্য ৪৭৫ কোটি ৮৩ লক্ষ টাকার ব্যয় বরাদ্দের প্রস্তাব করেন। এতে ঘাটতি দেখানো হয়েছে ৭২ লক্ষ ২ হাজার টাকা।

########Byte-Mayor#######

********************************

**Bal Vivah Mukta Bharat :**

দক্ষিণ জেলার রাজনগর ব্লকের সিদ্দিনগর আয়ুষ্মান আরোগ্য মন্দিরের উদ্যোগে গতকাল ভৈরবনগর মুন্ডাপাড়া উচ্চ বিদ্যালয়ে কৈশোর স্বাস্থ্য ও কিশোরী বিবাহের কুফল বিষয়ক এক সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। সভায় কিশোর-কিশোরীদের শারীরিক ও মানসিক স্বাস্থ্যের গুরুত্ব, স্বাস্থ্যবিধি মেনে চলার অভ্যাস এবং বাল্য বিবাহের কুফল সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন সিদ্দিনগর আয়ুষ্মান আরোগ্য মন্দিরের কমিউনিটি হেলথ অফিসার বিশ্বজিৎ দাস ও স্কুলের প্রধান শিক্ষক রবীন্দ্র কুমার দাস প্রমুখ।

****************************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার মার্কশিট বিতরণের আজ শেষ দিন। পর্ষদ সচিব ডঃ দুলাল দে জানিয়েছেন, যারা উত্তরপত্র রিভিউ করতে চায় তার জন্য নির্দিষ্ট আবেদনপত্র পোর্টাল থেকে ডাউনলোডের পর সেই আবেদনপত্র পূরণ করে আগামী ৮ই মে-র মধ্যে নিজ নিজ স্কুলে জমা দিতে হবে। স্কুল কর্তৃপক্ষ পরিক্ষার্থীদের পূরণ করা আবেদনপত্র আগামী ১৪ই মে-র মধ্যে পর্ষদে জমা দেবে। এই রিভিউর ফলাফল চলতি মাসেই প্রকাশ করা হবে। তাছাড়া

বছর বাঁচাও পরীক্ষা আগামী জুলাই মাসের প্রথম সপ্তাহে শুরু হবে বলে পর্ষদ সচিব শ্রী দে জানিয়েছেন।

***************************

**Chinmoy Das :**

বাংলাদেশের চট্টগ্রামের আদালত বাংলাদেশ সম্মিলিত সনাতনী জাগরণ জোটের মুখপাত্র এবং ইস্কনের প্রাক্তন সদস্য বর্তমানে জেলবন্দি চিন্ময়কৃষ্ণ দাস ব্রহ্মচারীকে এক আইনজীবীর হত্যা মামলায় পুনরায় গ্রেফতারের নির্দেশ দিয়েছে। হত্যা মামলার তদন্তকারী আধিকারিকের জমা দেওয়া পিটিশনের ভিত্তিতে চট্টগ্রাম দায়রা আদালতের বিচারক এই নির্দেশ দিয়েছেন। চিন্ময়কৃষ্ণ দাসকে আদালতের সামনে ভার্চুয়ালি উপস্হিত করা হয়। তবে, শুনানির সময় তাঁর হয়ে কোন আইনজীবী সওয়াল করেননি।

*******************************

**DM office Meeting :**

সিপাহীজলা জেলার বিভিন্ন বিধানসভা কেন্দ্রের উন্নয়নমূলক কাজকর্মের খোঁজখবর নিতে গতকাল জেলাশাসক অফিসের কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়েছে এক পর্যালোচনা বৈঠক। জেলাশাসক ডক্টর সিদ্ধার্থ শিব জয়সওয়ালের পৌরহিত্যে অনুষ্ঠিত এই বৈঠকে স্বাস্থ্য, পূর্ত, পানীয়জল, শিক্ষা, গ্রামোন্নয়ন সহ বিভিন্ন দপ্তরের জেলা আধিকারিকরা অংশ গ্রহণ করেন।

*****************************

**DYFI-Sepahijala :**

কর্মসংস্থান সহ ৩ দফা দাবির ভিত্তিতে গতকাল সিপাহীজলা জেলার জেলাশাসক অফিসে ডেপুটেশন প্রদান করেছে বামপন্থী ২ যুব সংগঠন DYFI ও TYF-এর সিপাহীজলা জেলা কমিটি। এই উপলক্ষে জেলা সদর বিশ্রামগঞ্জে মিছিল ও সভা অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন DYFI রাজ্য সভাপতি পলাশ ভৌমিক, সম্পাদক নবারুণ দেব প্রমুখ।

**************************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতায় বড় ব্যবধানে জয় পেয়েছে স্বামী বিবেকানন্দ ক্লাব। উমাকান্ত মিনি স্টেডিয়ামে গতকাল নৈশালোকে অনুষ্ঠিত খেলায় স্বামী বিবেকানন্দ ক্লাব ১০-০ গোলে আমরা কজনা দলকে পরাজিত করে। বিজয়ী দলের কুমার দেববর্মা একাই হ্যাটট্রিক সহ ছয়টি গোল করেন।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর, ঊনকোটি, ধলাই, খোয়াই এবং পশ্চিম জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সর্তকতা জারি করা হয়েছে। আজ সর্বোচ্চ তাপমাত্রা ৩৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৩ ডিগ্রি সেলসিয়াস।

*****************************